

India Foundation for Arts (আই এফ এ)
তার শিল্পকলা-গবেষণা কার্যক্রমের জন্য
গবেষণা - প্রস্তাবপত্রের আহ্বান জানায়
দরখাস্তের সময়সীমা: ১৬ আগস্ট, ২০২৩, রাত ১১-৫৯

আমাদের শিল্পকলা-গবেষণা কার্যক্রম বিদ্বজ্জন, গবেষক, ও অনুশীলনকারীদের পৃষ্ঠপোষকতা করে, ভারতের কলাশাস্ত্রের বিভিন্ন ইতিহাস ও অভিব্যক্তি খতিয়ে দেখার জন্য। এর উদ্দেশ্য হল শিল্পকলার ক্ষেত্রে আরও বিস্তৃত দৃষ্টিভঙ্গি, অনুধাবন, ব্যাখ্যা এবং আদানপ্রদানকে লালন করা।

গবেষণা-প্রকল্পের দায়িত্ব নিতে ইচ্ছুক গবেষক ও শিল্পীদের আমাদের Arts Research programme অর্থাৎ শিল্পকলা-গবেষণা কার্যক্রমের জন্য গবেষণা-প্রস্তাব পেশ করতে আমরা আহ্বান জানাচ্ছি। এই প্রকল্পগুলি খতিয়ে দেখতে পারে প্রান্তিক ও তুলনামূলকভাবে স্বল্প-অন্বেষিত বিষয়বস্তু, তৈরি করতে পারে তত্ত্ব এবং প্রয়োগের মধ্যে কথোপকথনের এক পরিসর, তুলে ধরতে পারে শিল্পের অনুশীলনের কোনো নতুন অনুধাবন, বা আন্তঃক্ষেত্রিক গবেষণা-পদ্ধতির দ্বারা সৃষ্টি করতে পারে তত্ত্বের কোন সম্পূর্ণ নতুন দিক।

গবেষণা-প্রস্তাবগুলির থাকা চাই সুস্পষ্ট উদ্দেশ্য, পটভূমির পুঙ্খানুপুঙ্খ সমীক্ষা, সমালোচনামূলক গবেষণা-জিজ্ঞাস্য, যথাযথ গবেষণা-পদ্ধতি, এবং নির্দিষ্ট ফলাফল, যা সার্বজনীন পরিসরে পরিবেশন করা যাবে। এই ফলাফলগুলি বই, প্রবন্ধ, চলচ্চিত্র, ওয়েবসাইট, মাল্টিমিডিয়া প্রদর্শনী, ইত্যাদির আকার নিতে পারে।

প্রস্তাবপত্রের আহ্বান অন্যান্য ভারতীয় ভাষায় পড়তে চাইলে [এখানে](#) ক্লিক করুন।

প্রকল্পের মেয়াদ:

ন্যূনতম মেয়াদ এক বছর, এবং সর্বোচ্চ সময়সীমা আঠারো মাস।

তহবিল:

আপনি ৫০০০০০ টাকা পর্যন্ত খরচের তহবিল রাখতে পারেন।

জমা দেওয়ার তারিখ:

১৬ আগস্ট, ২০২৩, রাত ১১-৫৯

কারা আবেদন জানাতে পারেন?

এই কার্যক্রমটি বিভিন্ন ক্ষেত্রের স্বতন্ত্র ছাত্র, গবেষক, শিল্পীদের প্রস্তাব গ্রহণ করবে। আপনি যদি ভারতের নাগরিক হন, আপনি আবেদন করতে পারেন। আপনার সহকর্মীদেরও ভারতীয় নাগরিক হওয়া চাই। (যোগ্যতার নির্ণায়কগুলির সম্বন্ধে আরো জানতে [এখানে](#) ক্লিক করুন।

আবেদনের প্রক্রিয়া:

আপনার চূড়ান্ত আবেদনপত্রে নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই যোগ করবেন:

- গবেষণা-প্রস্তাবগুলির থাকা চাই সুস্পষ্ট উদ্দেশ্য, পটভূমির পুঙ্খানুপুঙ্খ সমীক্ষা, সমালোচনামূলক গবেষণা-জিজ্ঞাস্য, যথাযথ গবেষণা-পদ্ধতি, এবং নির্দিষ্ট ফলাফল
- আপনার কাজ সম্বন্ধে আমাদের ধারণা স্পষ্ট করার উদ্দেশ্যে, কাজের সমর্থনস্বরূপ তথ্য (যদি থাকে)
- আপনার curriculum vitae
- আয়ব্যয়ের বিশদ বিবরণ, অর্থাৎ, তহবিল খরচের ব্যাখ্যা; অন্য কোনো উৎস থেকে যদি অর্থের যোগান পাওয়া যায়, তবে তার উল্লেখ; এবং
- আপনার ঠিকানা, টেলিফোন নম্বর ও ই-মেল ঠিকানা

সাধারণ বিজ্ঞপ্তি:

- আমাদের তহবিল শুধুমাত্র প্রকল্প-সংক্রান্ত কর্মী, কার্যকলাপ ও যাতায়াতের খরচ বহন করবে, এবং দরকার হলে সামান্য যন্ত্রপাতি বা সামগ্রীর ভাড়া মেটাবে। খেয়াল রাখবেন যেন খরচের প্রতিটি খাত বিশেষ-বিশেষ প্রকল্প-সংক্রান্ত খরচ মার্কিন নির্দিষ্ট করা হয়।
- মোট তহবিলের ৩৫% আপনি সাম্মানিক পারিশ্রমিক হিসেবে দাবি করতে পারেন।
- প্রাতিষ্ঠানিক পরিচালনার, নির্মাণকার্যের এবং পরিকাঠামো-নির্মাণের খরচ তহবিলে রাখবেন না। নতুন যন্ত্রপাতি কেনা আমরা সমর্থন করি না, তবে যদি একান্তই আপনার প্রকল্পের জন্য নতুন যন্ত্রপাতি কেনার প্রয়োজন হয়, তবে, প্রকল্প সমাপ্ত হবার পর সেগুলি আই এফ এ-কে ফেরত দিতে হবে।

নির্বাচনের প্রক্রিয়া:

আপনার প্রস্তাবপত্রটি যদি প্রাথমিক পর্যায়ে নির্বাচিত হয়, তবে তার মূল্যায়ন-প্রক্রিয়ার ফলে যে প্রশ্নাবলি উঠে আসবে, তার সদুত্তর দিতে আপনাকে অনুরোধ করা হতে পারে। নিয়োগের জন্য নির্বাচিত প্রকল্পগুলি ঘোষণা করা হবে ডিসেম্বর ২০২৩-এ। নির্বাচিত আবেদনের বিষয়ে আই এফ এ-র সিদ্ধান্তই চূড়ান্ত।

প্রস্তাব জমা দেওয়া:

- ইংরেজি বাদে নানা ভারতীয় ভাষায় লেখা প্রস্তাবকে আই এফ এ বিশেষ উৎসাহ দেয়, যাতে বিভিন্ন ভাষার পরিসরে আলোচনা আরও সমৃদ্ধ হতে পারে।
- প্রস্তাবপত্র পাঠানোর আগে প্রকল্প=সম্বন্ধে কোনও আলোচনা বা জিজ্ঞাস্য থাকলে ৩১ জুলাই, ২০২৩-এর আগে হর্ষিতা বাথওয়াল, (Harshita Bathwal) Programme Officer, Arts Research কে harshita@indiaifa.org ই-মেল ঠিকানায় লিখে পাঠান। ই-মেলের বিষয়বস্তু, অর্থাৎ Subject Line হওয়া চাই: Project Proposal for Arts Research
- আপনার চূড়ান্ত প্রস্তাবপত্র, সমস্ত সহায়ক তথ্যাবলি-সহ Harshita Bathwal, Senior Programme Officer, Arts Research, -কে একটিমাত্র ২৫-এম বি অনূর্ধ্ব-ই-মেলে অনলাইন পাঠাতে হবে harshita@indiaifa.org ই-মেল ঠিকানায়, ১৬ আগস্ট, ২০২৩, রাত ১১-৫৯এর মধ্যে ।

মনে রাখবেন, অসম্পূৰ্ণ প্ৰস্তাব, এৰং যথাযথ যোগ্যতাহীন
প্ৰাৰ্থীদেৰ প্ৰস্তাব গ্ৰাহ্য কৰা হৰে না।
সকল নিৰ্বাচিত প্ৰকল্প আই-এফ-এ দ্বাৰা নিযুক্ত কৰা হৰে।

দ্ৰষ্টব্যঃ আই এফ এ এক নিৰাপদ পৰিবেশ সৃষ্টি কৰতে
বন্ধপৰিকৰ, যা শিশুদেৰ-সহ সকলকে সহায়তা, সন্মান ও
সুৰক্ষা দেয়। প্ৰাৰ্থীদেৰ এই মতাদৰ্শেৰ সঙ্গে সহমত হয়ে, সৰ্বদা
তা মেনে চলতে হৰে।

**আমাদেৰ Arts Research Programme সম্ভবপৰ হয়েচে BNP
Paribas Indiaৰ সহযোগিতায়।**